NOV. 1 6 2000

তারিখ ...

পৃষ্ঠা ৭ ... কলাম ৪ ...

দৈনিক ইত্তেফাক

২১৩

# পরীক্ষা চলাকালে এমপি রাজনৈতিক নেতৃবৃন্দ ও ছাত্র সংগঠনের কর্মীকে কেন্দ্রে প্রবেশ নিষিদ্ধ করার প্রস্তাব

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল (বুধবার) জাতীয় প্রেসক্লাবে, এক সাংবাদিক সম্মেলনে আসন্ন ডিগ্রী পরীক্ষাসহ অন্যান্য পাবলিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ৭ দফা দাবী পেশ করিয়াছে। সাংবাদিক সম্মেলনে বলা হয়, পরীক্ষা ব্যবস্থার সহিত কেন্দ্রে দায়িত্ব পালনকারী শিক্ষক, পরীক্ষার্থী, অভিভাবক, পরীক্ষক ও প্রশাসন জড়িত থাকেন। কাজেই সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মহলের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা চলাকালে

(প্রথম পৃঃ পর)

সুষ্ঠু পরীক্ষা গ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে পরীক্ষায় অসদুপায় অবলম্বনে সহায়তাকারিগণের মধ্যে যদি শিক্ষক নামধারী কোন ব্যক্তিও থাকে তাহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। পরীক্ষা চলাকালে এম,পি রাজনৈতিক নেতৃবৃন্দ এবং ছাত্র সংগঠনের নেতৃবৃন্দকেও পরীক্ষা কেন্দ্রে প্রবেশ না করার প্রস্তাব উত্থাপন করা হইয়াছে। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোহাম্মদ আজিজুল ইসলাম, আজিজুল হক শাহ, মোঃ জাহীদুল্লাহ, অধ্যক্ষ আলী আকবর খান ডলার, অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। ফেডারেশনের ৭ দফা দাবীসমূহঃ কেন্দ্রীয়ভাবে নয় বিকেন্দ্রিতভাবে পাবলিক পরীক্ষা অনুষ্ঠানের বিষয় চিন্তা করা। জাতীয় পাবলিক পরীক্ষা ইন্সষ্টিটিউট স্থাপন। নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্যদের পাবলিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ না দেওয়া ইত্যাদি।